

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্গ্যানাইজেশন স্ট্রাটেজি এন্ড লিডারশীপ বিভাগে ০১ (এক)টি স্থায়ী সহকারী অধ্যাপক পদ এবং ০১ (এক)টি স্থায়ী লেকচারার পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতনের স্কেল যথাক্রমে ৩৫,৫০০-৬৭,০১০/- এবং ২২,০০০-৫৩,০৬০/= টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই ম্যানেজমেন্ট/ফিন্যান্স বিষয়ে বিবিএ এবং এমবিএ পরীক্ষার উভয়টিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে ০৩ (তিন) বছর সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা জার্নালে ০৩ (তিন)টি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। **Predatory journal** এ প্রকাশিত প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচ.ডি ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

লেখকচারার পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই ম্যানেজমেন্ট বিষয়ে বিবিএ এবং এমবিএ ডিগ্রীধারী হতে হবে এবং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অথবা প্রার্থীদের অবশ্যই বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং/ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং/মেটারিয়ালস এন্ড মেটালারজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রীসহ এমবিএ ডিগ্রীধারী হতে হবে এবং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। কোন সাক্ষ্যকালীন এমবিএ ডিগ্রী গ্রহণ করা হবে না। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট/গ্রেডসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ০৭/১১/২০২১। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।